গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা
**www.bkkb.gov.bd**

**বিষয়: বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর ৩৪তম বোর্ড সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব কে এম আলী আজম, সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ৩০ অক্টোবর, ২০২২ |
| সময় | : | বেলা ১২.০০ টা |
| স্থান | : | Zoom Apps এর মাধ্যমে |
| উপস্থিতি | : | পরিশিষ্ট- ক |

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের পরিচালক (প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন। তিনি জানান ০৮ মে, ২০২২ অনুষ্ঠিত বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর ৩৩তম বোর্ড সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট যথাসময়ে প্রেরণ করা হয়। কোন আপত্তি বা সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হলো।

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৩৪তম বোর্ড সভার আলোচনা এবং গৃহীত সিদ্ধান্ত:

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়কারী |
|---|---|---|---|
| ২.১ | **বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের দিলকুশাস্থ নিজস্ব জায়গায় বহুতল ভবন নির্মাণ:**<br>স্থাপত্য অধিদপ্তরের সাথে নকশা পর্যালোচনা করে ভবনের ডান দিকে অতিরিক্ত একটি এক্সিট, গ্রাউন্ড ফ্লোরে গাড়িচালকদের জন্য টয়লেট, বেইজমেন্টে গাড়িচালকদের বসার ব্যবস্থা, মোট ফ্লোরস্পেস বৃদ্ধিসহ স্থাপত্য অধিদপ্তর পুনর্গঠিত নকশা ০৮ নভেম্বর ২০২২ তারিখ দাখিল করবে মর্মে আলোচনা হয়। | বহুতল ভবনের ফ্লোরস্পেস বৃদ্ধি করে স্থাপত্য অধিদপ্তর পুনর্গঠিত নকশা ০৮ নভেম্বর ২০২২ তারিখের মধ্যে দাখিল করবে। | (১) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড;<br>(২) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর। |
| ২.২ | **চট্টগ্রামের আগ্রাবাদে অবস্থিত বোর্ডের কমিউনিটি সেন্টার নির্মাণ:**<br>আগ্রাবাদে কল্যাণ বোর্ডের বহুতল বাণিজ্যিক ভবনের নকশা পর্যালোচনা ও খসড়া ডিপিপি প্রণয়নের বিষয়ে আলোচনা হয়। | স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রণীত নকশা পর্যালোচনা করতে হবে এবং ডিপিপি (খসড়া) প্রণয়নের কার্যক্রম দ্রুত করতে হবে। | (১) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড;<br>(২) প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর।<br>(৩) পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, চট্টগ্রাম। |
| ২.৩ | **শেরে বাংলানগরস্থ কমিউনিটি সেন্টার বোর্ডের উন্নয়নমূলক কাজের স্বার্থে র‌্যাবের নিকট হতে শেরে বাংলানগরস্থ কমিউনিটি সেন্টারের জায়গা বোর্ড এর নিকট হস্তান্তর:**<br>৩০ জুন, ২০২২ তারিখ চুক্তির মেয়াদ শেষ হয়েছে। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের অনুকূলে দখল হস্তান্তরের অনুরোধ জানানো হয়েছে। নিরাপত্তা ও জনস্বার্থের সম্পৃক্ততা বিবেচনায় চুক্তির মেয়াদ ৩০ জুন, ২০২৩ পর্যন্ত নবায়নের জন্য র‌্যাব-২ অনুরোধ জানিয়েছে। | (ক) শেরেবাংলা নগরস্থ কমিউনিটি সেন্টারের জায়গার চুক্তির মেয়াদ ৩০ জুন, ২০২৩ পর্যন্ত বৃদ্ধি করা যায়;<br>(খ) র‌্যাবের নিকট থেকে কমিউনিটি সেন্টারের দখল স্বত্ব বোর্ড এর নিকট হস্তান্তরের ব্যবস্থা গ্রহণের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে পুনরায় অনুরোধ জানাতে হবে। | (১) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড;<br>(২) অতিরিক্ত সচিব (প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয়। |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়কারী |
|---|---|---|---|
| ২.৪ | **বরিশাল, রংপুর ও ময়মনসিংহ এ বোর্ডের মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টারের জন্য জন্য খাস জমি বরাদ্দ/জমি সংগ্রহ:**<br>বিভাগীয় কার্যালয়, রংপুরে কল্যাণ বোর্ডে মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টারের জন্য ভূমি মন্ত্রণালয় হতে বোর্ডের অনুকূলে ৬৬ শতাংশ অকৃষি খাস জমি প্রতীকী মূল্যে বরাদ্দের আদেশ পুনর্বিবেচনার জন্য মহাপরিচালক কর্তৃক সিনিয়র সচিব বরাবর প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে বোর্ডের অনুকূলে অকৃষি খাস জমি বন্দোবস্ত প্রদানের বিষয়ে বিভাগীয় কমিশনারের সুপারিশের আলোকে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিতকরণের জন্য জেলা প্রশাসক, রংপুরকে ২৬ সেপ্টেম্বর, ২০২২ অনুরোধ জানানো হয়েছে। | (ক) বিভাগীয় কার্যালয়, রংপুরে কল্যাণ বোর্ডে মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টারের জন্য রংপুরের বিভাগীয় শহরে উপর্যুক্ত স্থানে কমবেশি ৬৬ শতাংশ জমি দ্রুত বরাদ্দ প্রদানের জন্য বিভাগীয় কমিশনার, রংপুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | (১) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড;<br>(২) বিভাগীয় কমিশনার, রংপুর। |
| | বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহে মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টারের জন্য জমি বরাদ্দের বিষয়ে বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ জানান যে, ইতোমধ্যে প্রস্তাব জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহে প্রেরণ করা হয়েছে।। | (খ) মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টারের জন্য বিভাগীয় কমপ্লেক্ষে জমি বরাদ্দের জন্য যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | (১) বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ;<br>(২) পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ময়মনসিংহ। |
| | বিভাগীয় কার্যালয়, বরিশাল এর মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টারের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্রসহ চাহিদা মাফিক যাবতীয় কাগজপত্র জেলা প্রশাসকের কার্যালয়, বরিশালে দাখিল করা হয়েছে। | (গ) জেলা প্রশাসন বরিশাল থেকে ভূমি মন্ত্রণালয়ে দ্রুত প্রস্তাব প্রেরণের বিষয়ে বিভাগীয় কমিশনার, বরিশাল ব্যবস্থা নিবেন। | (১) বিভাগীয় কমিশনার, বরিশাল;<br>(২) জেলা প্রশাসক, বরিশাল। |
| ২.৫ | **বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের বিভাগীয় কার্যালয়, খুলনায় অবস্থিত কমিউনিটি সেন্টার নির্মাণ:**<br>বোর্ডের খুলনাস্থ কমিউনিটি সেন্টারটি দীর্ঘদিনের পুরাতন হওয়ায় সংস্কার করে ব্যবহার করা ঝুঁকিপূর্ণ মর্মে প্রকৌশলীবৃন্দ মতামত প্রদান করেছেন। উক্ত স্থানে নতুন ভবন নির্মাণের লক্ষ্যে দ্রুততম সময়ে নকশা প্রণয়নসহ প্রকল্প প্রস্তাবনা তৈরির কার্যক্রম গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক প্রণীত স্থাপত্য নকশা আরো যাচাই-বাছাই করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | (১ মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড;<br>(২) পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, খুলনা। |
| ২.৬ | **বান্দরবান জেলা শহরে কল্যাণ বোর্ডের ১.০০ (এক) একর জমিতে রেস্টহাউস কাম রিসোর্ট নির্মাণ:**<br>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের মালিকানাধীন বান্দরবান জেলার সদর উপজেলাধীন বান্দরবান মৌজায় ০১.০০ একর ভূমির যৌথ জরিপ তথা পর্যটন কেন্দ্র স্থাপনের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মাননীয় প্রতিমন্ত্রীর সাথে আলোচনা করবেন। | সীমানা চিহ্নিতকরণের লক্ষ্যে মাননীয় প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয় পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মাননীয় মন্ত্রীর সাথে আলোচনা করবেন। | (১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়;<br>(২) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। |
| ২.৭ | **পটুয়াখালী জেলার কুয়াকাটায় রেস্টহাউস কাম রিসোর্ট নির্মাণের জন্য ভূমি বরাদ্দের ব্যবস্থা:**<br>জেলা প্রশাসক পটুয়াখালী কর্তৃক প্রতীকী মূল্যে ০.৬৯ একর ভূমি বরাদ্দের প্রস্তাব ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং ভূমি মন্ত্রণালয় থেকে ১০ অক্টোবর, ২০২২ তারিখ বিভিন্ন তথ্যাদিসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য জেলা প্রশাসককে অনুরোধ করা হয়েছে। | জেলা প্রশাসন পটুয়াখালী কর্তৃক ভূমি মন্ত্রণালয়ে চাহিদা মাফিক তথ্যাদি দ্রুত প্রেরণের ব্যবস্থা করতে হবে। | (১) বিভাগীয় কমিশনার, বরিশাল;<br>(২) পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বরিশাল। |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়কারী |
|---|---|---|---|
| ২.৮ | **সরকারি কর্মচারীদের বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) শিশুদের পুর্ণবাসন কেন্দ্র স্থাপন:** গাজীপুর জেলার পানিসাইল মৌজার ৩.৭০২৫ একর বন্দোবস্তকৃত জমি বোর্ড এর অনুকূলে রেজিস্ট্রেশনসহ নামজারি সম্পন্ন হয়েছে। ভূমির সীমানা নির্ধারণের জন্য চারপাশে সিমেন্টের খুঁটিসহ কাঁটাতারের বেড়া নির্মাণের লক্ষ্যে ২৫ অক্টোবর, ২০২২ তারিখ জেলা প্রশাসন গাজীপুর কর্তৃক সম্ভাব্য ৬,৯৯,২০০/- টাকার প্রাক্কলন পাওয়া গেছে। অচিরেই জেলা প্রশাসনের ব্যবস্থাপনায় সিমেন্টের খুঁটিসহ কাঁটাতারের বেড়া নির্মাণের কার্যক্রম শুরু করা হবে। | জেলা প্রশাসন, গাজীপুরের ব্যবস্থাপনায় সিমেন্টের খুঁটিসহ কাঁটাতারের বেড়া নির্মাণের কার্যক্রম শুরু করতে হবে। | জেলা প্রশাসক, গাজীপুর। |
| ২.৯ | **মতিঝিলস্থ মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টার ও পার্শ্ববর্তী জরাজীর্ণ ভবনের স্থলে বাণিজ্যিক ভবন নির্মাণ:** মতিঝিলে বোর্ডের নিয়ন্ত্রণাধীন প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টার সংলগ্ন একটি দ্বিতল ভবন রয়েছে। দীর্ঘদিন ভবনটি বোর্ডের বেদখলে থাকার পর তা বোর্ডের দখলে নেয়া হয়েছে। ভবনটিকে ব্যবহার উপযোগী করার লক্ষ্যে গণপূর্ত অধিদপ্তরকে অনুরোধ করা হলে একটি প্রতিনিধি দল উক্ত ভবন সরেজমিন পরিদর্শন করেন। পরিদর্শনে দেখা যায় যে, ভবনটি অত্যন্ত জরাজীর্ণ এবং ব্যবহার অনুপোযোগী। অন্যদিকে প্রশিক্ষণ কেন্দ্র ও কমিউনিটি সেন্টারের অবকাঠামো অবস্থাও নাজুক। সংস্কার করে ব্যবহার উপযোগী করা আর্থিক বিবেচনায় সাশ্রয়ী নয়। তদপরিবর্তে প্রশিক্ষণ কেন্দ্র, কমিউনিটি সেন্টার এবং পার্শ্ববর্তী জরাজীর্ণ ভবনের স্থানে একটি বহুতল (১০তলা) ভবন নির্মাণ করা হলে বহুমূখী ব্যবহারসহ বোর্ডের আয় বৃদ্ধি পাবে। ইতোমধ্যে উক্ত স্থানে ২টি বেইজমেন্টসহ ১০তলা ভবন নির্মাণের বিষয়ে স্থাপত্য অধিদপ্তর হতে ১টি নকশা প্রণয়ন করা হয়েছে। উক্ত ভবনে প্রশিক্ষণ কেন্দ্র, কমিউনিটি সেন্টার, কনফারেন্স কাম মাল্টিপারপাস কক্ষসহ বাণিজ্যিক স্পেস থাকবে। বাণিজ্যিক স্পেস ভাড়া প্রদান করে বোর্ডের আয়ের সংস্থান করা সম্ভব হবে। এ মূল্যবান জায়গায় বোর্ডের নিজস্ব অর্থায়নে ২টি বেইজমেন্টসহ ১০তলা বিশিষ্ট ভবন নির্মাণের বিষয়ে আলোচনা হয়। | মতিঝিলস্থ মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টার ও তদসংলগ্ন দ্বিতল জরাজীর্ণ ভবনের স্থলে বোর্ডের নিজস্ব অর্থায়নে ২টি বেইজমেন্টসহ ১০তলা ভবন নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। |
| ৩.০ | **চট্টগ্রামে সীতাকুন্ডে প্রবীণ নিবাস (বৃদ্ধাশ্রম) ও সরকারি কর্মচারীর সন্তানদের অগ্রাধিকার ভিত্তিতে আবাসিক সুবিধা সম্বলিত মানসম্মত শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণের নীতিগত অনুমোদন প্রদান:** অধিকাংশ ক্ষেত্রে দেখা যায় অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীর সন্তানেরা চাকরির কারণে দেশের বাহিরে বা দেশের মধ্যে ভিন্ন ভিন্ন শহরে অবস্থান করে থাকে। একাকি বসবাসের ফলে তাদেঁর মধ্যে বিষন্নতা দেখা যায় এবং তাঁরা নিরপত্তাহীনতায় থাকে। প্রবীণ বয়সে অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীদের নিরাপত্তা প্রদানে ও বিষন্নতা দূর করার জন্য সরকারি উদ্যোগে এখন পর্যন্ত কোন প্রতিষ্ঠান গড়ে উঠেনি। বাংলাদেশ কর্মচারী কল্যাণ | (ক) চট্টগ্রামে সীতাকুন্ডে প্রবীণ নিবাস (বৃদ্ধাশ্রম) নির্মাণ এর বিষয়ে পর্যালোচনাপূর্বক পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণ করা হবে; | মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়কারী |
|---|---|---|---|
| | বোর্ড প্রবীণদের জন্য প্রবীণ নিবাস চালুর বিষয়টি বিবেচনায় এনেছে।<br><br>অন্যদিকে বোর্ডের কল্যাণ/সেবামূলক কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে সরকারি কর্মচারীর সন্তানদের অগ্রাধিকার ভিত্তিতে আবাসিক ব্যবস্থাসহ মানসম্মত শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণ প্রয়োজন। শিক্ষা প্রতিষ্ঠান তৈরি করা হলে কর্মচারীর সন্তানসহ অন্যান্য অনগ্রসর মেধাবী শিক্ষার্থী স্বল্পব্যয়ে মানসম্মত উন্নত শিক্ষা গ্রহণ করে ভবিষ্যতে দক্ষ জনশক্তিতে পরিণত হবে। বোর্ডের এ ধরনের কল্যাণমূলক কার্যক্রম সম্প্রসারণের ফলে সরকারি কর্মচারীদের মধ্যে উৎসাহ ও উদ্দীপনার সৃষ্টি হবে এবং তাদের কর্মস্পৃহা বৃদ্ধি পাবে। | (খ) ভূমি বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সরকারি কর্মচারীর সন্তানদের অগ্রাধিকার দিয়ে আবাসিক সুবিধা সম্বলিত মানসম্মত শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণ করতে হবে। | |
| ৪.০ | **কল্যাণভাতা, যৌথবীমা ও দাফন অনুদানের আবেদন দাখিলের ক্ষেত্রে সময়সীমা নির্ধারণ:**<br>সরকারি কর্মচারীদের মৃত্যুজনিত কারণে বোর্ড হতে প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে কর্মচারীর পরিবারের আবেদনের প্রেক্ষিতে কল্যাণভাতা, যৌথবীমা ও দাফন অনুদান প্রদান করা হয়। বিভাগীয় পর্যায়ে পরিচালক এবং প্রধান কার্যালয়ে (ঢাকা মহানগরের আওতাভূক্ত এলাকা) মহাপরিচালক আবেদন নিষ্পত্তি করে থাকেন। কিন্তু কর্মচারীর মৃত্যুর পর সর্বোচ্চ কত সময় পর্যন্ত আবেদন দাখিল করা যাবে এ বিষয়ে কোন নির্দেশনা না থাকায় অনেক সময় কর্মচারীর পরিবার হতে দীর্ঘদিন পর আবেদন পাওয়া যায়। বিলম্বে প্রাপ্ত আবেদন নিষ্পত্তিতে জটিলতার সৃষ্টি হয়। এ জটিলতা দুর করার জন্য কর্মচারীর মৃত্যুর তারিখ হতে সর্বোচ্চ কত সময় পর্যন্ত আবেদন দাখিল করা যাবে সে বিষয়টি নির্দিষ্ট হওয়া প্রয়োজন। এক্ষেত্রে কর্মচারীর মৃত্যুর পর হতে সর্বোচ্চ ৩ বছর পর্যন্ত প্রাপ্ত আবেদন বিভাগীয় পরিচালকগণ এবং ৩ বছর হতে ৫ বছর পর্যন্ত বিলম্বে প্রাপ্ত আবেদন মহাপরিচালক নিষ্পত্তি করতে পারেন। এছাড়া অক্ষমতাজনিত কারণে কোন কর্মচারী অবসরে গমণ করলে তাঁর ক্ষেত্রেও কল্যাণভাতা প্রদানের বিষয়ে একইভাবে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। তবে দেওয়ানী মামলা বা অন্য আইনগত জটিলতার কারণে আবেদন করতে বিলম্ব হলে নিষ্পত্তির সময়সীমা শিথিল করা যেতে পারে। | (ক) কর্মচারীর মৃত্যুর পর ৩ বছরের মধ্যে প্রাপ্ত আবেদন বিভাগীয় পরিচালকগণ নিষ্পত্তি করবেন;<br>(খ) কর্মচারীর মৃত্যুর পর ৩ বছরের অধিক ৫ বছরের মধ্যে প্রাপ্ত আবেদন মহাপরিচালক নিষ্পত্তি করবেন;<br>(গ) অক্ষমতাজনিত কারণে কোন কর্মচারী অবসরে গমন করলে তাঁর ক্ষেত্রে কল্যাণ ভাতার আবেদন একই- ভাবে নিষ্পত্তি হবে;<br>(ঘ) দেওয়ানী মামলা বা অন্য কোন ধরনের আইনগত কারণে আবেদন নিষ্পত্তিতে সময়সীমা থাকবে না। | মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। |

| | | | |
|---|---|---|---|
| ৫.০ | **বিবিধ:**<br>**(ক) সরকারি কর্মচারী কল্যাণ ডেস্ক স্থাপন:**<br>কর্মরত ও অবসরপ্রাপ্ত বিভিন্ন সরকারি কর্মকর্তা-কর্মচারী বিদেশ গমনের ক্ষেত্রে বিমানবন্দরে তাঁদেরকে বিভিন্ন জটিলতার মধ্যে পড়তে হয়। লক্ষ্য করা গেছে বিভিন্ন মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থার অধিকাংশ কর্মকর্তা/ কর্মচারী বিমানবন্দরে নির্দিষ্ট প্রটোকল সুবিধা পান না। এছাড়া অবসরপ্রাপ্ত কর্মচারী যারা সিনিয়র সিটিজেন তারা বিমানবন্দরের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালনে অসুবিধার সম্মুখীন হয়ে থাকেন। কর্মরত/অবসরপ্রাপ্ত কর্মচারীগণকে যাবতীয় সহযোগিতা প্রদানের জন্য প্রাথমিক পর্যায়ে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের নির্মাণাধীন ৩নং টার্মিনালে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ব্যবস্থাপনায় ১টি কল্যাণ ডেস্ক স্থাপনের বিষয়ে সভায় আলোচনা হয়। সদস্যবৃন্দ জরুরিভিত্তিতে এ ধরনের ১টি কল্যাণ ডেস্ক স্থাপনে একমত পোষণ করেন। | (ক) কর্মরত ও অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তাবৃন্দকে বিমানবন্দরে সেবা প্রদান করার লক্ষ্যে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের ৩ নং টার্মিনালে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ব্যবস্থাপনায় একটি কল্যাণ ডেস্ক স্থাপন করার বিষয়ে সিদ্ধান্ত হয়। | মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। |
| | **(খ) বিমানবন্দরে ভিআইপি লাউঞ্জ ব্যবহার:**<br>ভিআইপি লাউঞ্জ এর প্রাধিকারপ্রাপ্ত পি আর এল ভোগরত কর্মকর্তাবৃন্দ দেশে-বিদেশে গমনের সময় বিমানবন্দর কর্তৃপক্ষকে ভিআইপি লাউঞ্জ ব্যবহারের বিষয়টি অবহিতকরণের লক্ষ্যে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড সেবা দিতে ইচ্ছুক। এক্ষেত্রে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর আইটি শাখার মাধ্যমে সফটওয়্যার ভিত্তিক আবেদন ফরম চালু করার বিষয়ে সভায় আলোচনা হয়। | (খ) ভিআইপি লাউঞ্জ এর প্রাধিকারপ্রাপ্ত পি আর এল ভোগরত কর্মকর্তাবৃন্দের পক্ষে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর একটি সফটওয়্যার ভিত্তিক আবেদন ফরম এর মাধ্যমে বিমানবন্দর কর্তৃপক্ষ -কে অবহিতকরণপূর্বক সেবা প্রদানের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | **(গ) ফিজিওথেরাপি সেন্টার স্থাপন:**<br>কর্মরত ও অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা-কর্মচারীদের প্রতিনিয়ত বিভিন্ন প্রকার ফিজিওথেরাপি গ্রহণ করতে হয়। বর্তমানে সরকারি কর্মকর্তা কর্মচারীদের জন্য কোন ফিজিওথেরাপি সেন্টার চালু নেই। অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির একটি ফিজিওথেরাপি সেন্টার রয়েছে যা চাহিদা পূরণে অপ্রতুল। এমতাবস্থায়, অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির কার্যালয়ে কর্মচারী কল্যাণ বোর্ডের তত্ত্বাবধায়নে একটি ফিজিওথেরাপি সেন্টার চালুর বিষয়ে সভায় আলোচনা হয়। | (গ) অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির কার্যালয়ে কর্মচারী কল্যাণ বোর্ডের তত্ত্বাবধায়নে একটি ফিজিওথেরাপি সেন্টার চালু করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | |

০৬। বোর্ড সভায় সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের জন্য সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

কে এম আলী আজম
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

কে এম আলী আজম
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার